মিয়ানমারের সঙ্গে ১০ দফা চুক্তি হয়েছে: স্বরাষ্ট্রমন্ত্রী

ডেস্ক প্রতিবেদন:
স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, ‘বাংলাদেশ ও মিয়ানমারের সমসংখ্যক প্রতিনিধির যৌথ ওয়ার্কিং গ্রুপের প্রস্তাবনার মাধ্যমে রোহিঙ্গাদের মিয়ানমারে ফেরত পাঠানো হবে।’

বৃহস্পতিবার (৯ নভেম্বর) দুপুরে শেরপুরের নালিতাবাড়ীর আড়াইআনি পুলিশ ফাঁড়ির ভিত্তিফলক উন্মোচন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন।

তিনি আরও বলেন, ‘মিয়ানমারের সঙ্গে ১০ দফা চুক্তি হয়েছে। সে চুক্তি অনুযায়ী আগামী ৩০ নভেম্বরের মধ্যে একটি জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ তৈরি করা হবে। সেই ওয়ার্কিং গ্রুপই সিদ্ধান্ত নেবে কিভাবে, কখন রোহিঙ্গাদের দেশে ফেরত পাঠানো হবে। এছাড়া তাদের কিভাবে উন্নয়ন হবে সেটা নিয়েও ওয়ার্কিং গ্রুপ কাজ করবে।’

এ সময় কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী তার সঙ্গে ছিলেন। পরে তারা নালিতাবাড়ী ফায়ার সার্ভিস ও নালিতাবাড়ী থানার নবনির্মিত ভবন উদ্বোধন শেষে উপজেলা পরিষদ চত্বরে আয়োজিত এক সমাবেশে বক্তব্য রাখেন। পরে সেখানে তারা শিক্ষার্থী, ইমাম-মোয়াজ্জিন, সেবায়েত, পুরোহিত, ধাত্রী, বিজিবি ও আনসার ভিডিপিসহ মোট চার হাজার ৫৮৪ জনের মাঝে সৌরবাতি বিতরণ করেন।

এ সময় তাদের সঙ্গে শেরপুর-৩ আসনের এমপি প্রকৌশলী ফজলুল হক, ময়মনসিংহ বিভাগীয় কমিশনার জি. এম সালেহ উদ্দিন, রেঞ্জ ডিআইজি নিবাস চন্দ্র মাঝি, জেলা প্রশাসক ড. মল্লিক আনোয়ার হোসেন ও

জেলা পুলিশের কর্মকর্তা, স্থানীয় জনপ্রতিনিধি ও রাজনৈতিক নেতারা উপস্থিত ছিলেন।

সূত্র: বাংলাট্রিবিউন